সংবাদ

তারিখ ১৮ APR 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

# বিদ্যালয়ে প্রাইভেট কোচিং চলবে না
## – শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক, চাঁদপুর

জেলার হাইমচর উপজেলায় চ্যানেল আইয়ের উদ্যোগে আয়োজিত শিক্ষা বাজেটের উন্মুক্ত আলোচনায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জননেত্রী শেখ হাসিনার সরকারের নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়িয়েছে। তিনি উপস্থিত শিক্ষার্থীদের প্রশ্নের উত্তরে বলেন, কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামোর অভাবে শিক্ষা কার্যক্রম যেনো ব্যাহত না হয় সে লক্ষ্যে সারাদেশের মত হাইমচরেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশাপাশি প্রত্যেকটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ৪ তলা ভবন নির্মাণ করা হবে।

বর্তমান সরকারকে তিনি শিক্ষাবান্ধব উল্লেখ করে বলেন, বিশ্বের ইতিহাসে এমন কোনো দেশ নেই যেখানে ১ জানুয়ারি শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌঁছে দেয়া হয়। একমাত্র জননেত্রী শেখ হাসিনার সরকারের পক্ষেই এটা সম্ভব হয়েছে। শিক্ষার মান উন্নয়নে অবকাঠামো নির্মাণে অতিরিক্ত হিসেবে বাজেটে ৪৫০ কোটি টাকার উপর বরাদ্দ রাখা হয়েছে। অন্য প্রসঙ্গে তিনি বলেন, কিছু কুচক্রী ও স্বার্থলোভী শিক্ষকের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছে। শিক্ষাকে বাঁচাতে এসব কলঙ্ক শিক্ষককে চিহ্নিত করে আইনের আওতায় আনতে সচেতন শিক্ষকদের সহযোগিতা কামনা করেন তিনি। তিনি আরো বলেন, কোনো বিদ্যালয়ে প্রাইভেট কোচিং চলবে না এমনকি গাইড বইও ব্যবহার করা যাবে না। প্রত্যেকটা ছেলেমেয়েকে বিদ্যালয়েই পড়ালেখা শিখিয়ে দিতে হবে। শুধু শিক্ষিত করলেই হবে না, সুশিক্ষা ও আদর্শ শিক্ষায় ভালো মানুষ হিসেবে শিক্ষিত করে গড়ে তুলতে হবে। এজন্যে প্রত্যেক অভিভাবককে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। বর্তমান শিক্ষাবান্ধব সরকার ছেলেদের শিক্ষার পাশাপাশি মেয়েদের শিক্ষার সুব্যবস্থা করে দিয়েছে। শিক্ষা ক্ষেত্রে দেশ এভাবে এগিয়ে গেলে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে দেশ উন্নত রাষ্ট্রে পরিণত হবে। গত শনিবার হাইমচর উপজেলার দুর্গাপুর উচ্চ বিদ্যালয় মাঠে চ্যানেল আই আয়োজিত শিক্ষা বাজেট অনুষ্ঠানে চ্যানেল আইয়ের বার্তা প্রধান বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব শাইখ সিরাজের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য সাবেক পররাষ্ট্রমন্ত্রী ডাঃ দীপু মনি, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদাকে চৌধুরী, চাঁদপুরের জেলা প্রশাসক মোঃ আব্দুস সবুর মন্ডল, অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আফজাল হোসেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান নূর হোসেন পাটওয়ারী।